



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-৫১/২০১৬/২৩৭৭৯

তারিখ: ২৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
০৬ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

শরৎনগর ফাজিল মাদরাসা, ডাকঘর: ভাঙ্গুড়া, উপজেলা: সদর, জেলা: পাবনা-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৮.০৩.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শতে ২৭.০৪.২০২৩ খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. দ্রুত সময়ের মধ্যে অধ্যক্ষসহ শূন্য সকল পদে নিয়োগ সম্পন্ন করতে হবে।
২. গভনিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, অভ্যন্তরীণ ক্রয় কমিটি এবং সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে।
৩. মাদরাসার আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৪. ছাত্র-ছাত্রীদের টয়লেট জন্য সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
৫. প্রতিষ্ঠানের মূলফটক ও সকল দাপ্তরিক চিঠিপত্র প্রেরণের ক্ষেত্রে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি সন্নিবেশিত করতে হবে।
৬. আর্থিক ও প্রশাসনিক সকল কাজ ফাইল নোটের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৭. গ্রন্থাগার পরিষ্কার রাখতে হবে এবং যথাযথ নিয়ম অনুসরণ করে শিক্ষার্থীদের বই বিতরণ ও সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৮. আইসিটি ল্যাভে নষ্ট কম্পিউটার সমূহ দ্রুত সময়ের মধ্যে সংস্কারের ব্যবস্থা করতে হবে।
৯. ‘হৃদয়ে বঙ্গবন্ধু’ তথা বঙ্গবন্ধু কর্ণারকে আরো বই দ্বারা সমৃদ্ধ করে বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

*Dr. J. A. H. M. A.*  
(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

শরৎনগর ফাজিল মাদরাসা

ডাকঘর: ভাঙ্গুড়া, উপজেলা: সদর, জেলা:পাবনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-৫১/২০১৭/২৩৭৭৯

তারিখ: ২৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
০৬ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, শরৎনগর ফাজিল মাদরাসা, ডাকঘর: ভাঙ্গুড়া, উপজেলা: সদর, জেলা:পাবনা।
৮. অফিস নথি।

*M. J. H. M. A.*  
(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার  
মাদ্রাসা পরিদর্শন দফতর  
মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪